তারিখ : 18 NOV 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

দৈনিক
জনকণ্ঠ

চুক্তি সই

# ৮৫৭৫ কলেজ শিক্ষককে উন্নত প্রশিক্ষণ দেবে মালয়েশিয়া

**স্টাফ রিপোর্টার ॥** বাংলাদেশের আট হাজার ৫৭৫ কলেজ শিক্ষককে উন্নত প্রশিক্ষণ দেবে মালয়েশিয়া। এ লক্ষ্যে ইউনিভার্সিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাস (ইউএনএমসি) এবং বাংলাদেশের জাতীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে কুয়ালালামপুরে একটি পার্টনারশিপ এগ্রিমেন্ট (পিএ) স্বাক্ষরিত হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ উপস্থিত ছিলেন। বাংলাদেশ কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্টের (সিইডিপি) মাধ্যমে এ চুক্তি বাস্তবায়িত হবে।

বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, বাংলাদেশের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশীদ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম এ মান্নান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হেলাল উদ্দিন এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) মহাপরিচালক হামিদুল হক। ইউএনএমসির পক্ষে এর প্রভোস্ট ও সিইও প্রফেসর ড. গ্রাহাম কেন্ডাল চুক্তিতে স্বাক্ষর করেন।

**দুই মন্ত্রীর বৈঠক ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পুত্রজায়ায় মালয়েশিয়ার উচ্চ শিক্ষামন্ত্রী দাতো সেরি ইদরিসের সঙ্গে তার কার্যালয়ে বৈঠক করেন। বৈঠকে আন্তরিক পরিবেশে দুই দেশের শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষাক্ষেত্রে দু'দেশের পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনা হয়।